# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

## অক্টোবর, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ১২/১০/২০২৩ খ্রি:।
সময়: দুপুর ১১:৩০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন ।

২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।

৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা ।

৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা ।

৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা ।

৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা ।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ২১/০৯/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, উপজেলা কমপ্লেক্স ভবনের পেছনে উপজেলা কৃষি অফিসটি অবস্থিত হওয়ায় প্রায়শঃই বিকালবেলা, সন্ধ্যার সময় ও রাতে উপজেলা কৃষি অফিসের আশেপাশে বখাটে ছেলেরা আড্ডা দেয়। যা অফিসের নিরাপত্তা সহ অফিসের আশেপাশের পরিবেশ নষ্ট করছে।<br>তিনি অবিলম্বে উপজেলা কৃষি অফিস সহ উপজেলা পরিষদ ক্যাম্পাসে দিনে ও রাতে বখাটে ছেলেদের আড্ডা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনায় বর্ণিত বিষয়টি অফিসার ইনচার্জ, কাহারোল থানা, দিনাজপুরকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | (১) উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর।<br>(২) অফিসার ইনচার্জ, কাহারোল থানা |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হলো। | ১) উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান, মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ (১২ অক্টোবর-০২ নভেম্বর পর্যন্ত) | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | মোট ২২ দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ মাছ ধরা বন্ধ। এ সময় সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এ আইন অমান্যকারীর শাস্তি কমপক্ষে ১ থেকে ২ বছর এর সশ্রম কারাদন্ড। এ কার্যক্রমকে সফল করার জন্য সবারই সহযোগিতা কামনা করছি। | | |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের ১ম কিস্তি (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) (১) বয়স্ক- ৭১৭৪ জন, (২) বিধবা ও স্বামী নিগৃহীতা- ৪৪৫৩ জন, (৩) প্রতিবন্ধি- ১৫৮৩, (৪) অনগ্রসর- ২৯ জন, (৫) প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি- ৬৬ জনকে ভাতার পেরোল দেওয়া হয়েছে।<br>তিনি আরও জানান, ৪২৩ জন ভাতাভোগীর পেরোল দেওয়া হয়নি। যাদের মধ্যে অনেকে মৃত এবং নিরুদ্দেশ। সকল ইউ,পি চেয়ারম্যানদের মৃত ভাতাভোগীদের মৃত্যু সনদ দ্রুততম সময়ে প্রদান করার জন্য অনুরোধ জানান।<br>হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় উপজেলা রোগীকল্যাণ সমিতির মধ্যে ২ জনকে এবং ৫ জন নবজাতক এবং মা'কে সিল্ক দেওয়া হয়।<br>অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের নিমিত্ত হিজড়া ভাতার চাহিদা প্রেরণ করা হয়েছে।<br>আর্থ সামাজিক উন্নয়নে সুদমুক্ত ক্ষুদ্র ঋণ কার্যক্রম- (১) পল্লী সমাজসেবা কার্যক্রম, (২) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম, (৩) দগ্ধ ও প্রতিবন্ধি পুনর্বাসন কার্যক্রম ও (৪) আশ্রয়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া, ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইসিস এবং থ্যালাসেমিয়া রোগীদের এককালীন ৫০,০০০/- টাকা অনুদান প্রদানের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় ও ৪র্থ কিস্তিতে ৩৭টি চেক পাওয়া গেছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের উপস্থিতিতে চেক বিতরণ করা হবে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, ৬ষ্ঠ/৭ম শ্রেণি কারিকুলাম বিষয় স্কুলগুলোতে পরিদর্শন কার্যক্রম পরিচালনা চলমান রয়েছে। ২০২৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষা চলমান।<br>এছাড়া বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, আগামী ১৩ অক্টোবর, ২০২৩ তারিখে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>এছাড়া তিনি অফিসার্স ডরমিটরী সংস্কারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই।<br>এছাড়া যে কোন দুর্যোগে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসকে অবহিত করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, সুন্দরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানার ভিতরে অবৈধভাবে বালু ফেলা হয়েছে। এই বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল দিনাজপুর সভায় জানান, আগামী ১৫ অক্টোবর, ২০২৩ তারিখ বিশ্ব হাত ধোয়া দিবস পালন করার জন্য স্থানীয় বিভাগ থেকে নির্দেশনা পাওয়া গেছে এবং এ বিষয়ে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি বিশ্ব হাত ধোয়া দিবস পালনের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, ২০২৩-২০২৪ চক্রের ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে। সেপ্টেম্বর/২০২৩ মাসের খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। ভালনারেবল উইমেন বেনেফিট কর্মসূচি উপকারভোগীদের মাঝে প্রতি মাসে সঞ্চয় আদায় করা হয়।<br>২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও শিশু সহায়তা ভাতা প্রদান কর্মসূচির আওতায় অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ভাতাভোগী প্রত্যেক ইউনিয়নে প্রতিমাসে ৬ জন করে নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে এবং ৬টি ইউনিয়নের অনলাইনের মাধ্যমে আবেদন করার জন্য বলা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | আইজিএ প্রকল্পের মেয়াদ জুন/২০২৩ মাসে সমাপ্ত হয়েছে। তাই ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ২টি ট্রেডে ৩ মাস মেয়াদে প্রশিক্ষণ কার্যক্রম আপাতত স্থগিত রয়েছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ৬টি ইউনিয়নে ৬টি ক্লাবে সপ্তাহে ২দিন শুক্রবার ও শনিবার সঙ্গীত ও আবৃত্তি ক্লাস চলমান রয়েছে। কিশোর-কিশোরী ক্লাবে কারাতে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিল এর আওতায় সেপ্টেম্বর/২০২৩ মাসে কিস্তি আদায়ের লক্ষ্যমাত্রা চলমান।<br><br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | | |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, অত্র দপ্তরের ৯টি সার্টিফিকেট মামলার মধ্যে ১টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং অন্যান্য মামলা থেকে কিছু টাকা আদায় হয়েছে।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় অগ্রগতির পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় জানান, সেপ্টেম্বর/২০২৩ মাসে মোট ঋণ আদায় হয়েছে ৫,৬৪,০০০/- টাকা। সঞ্চয় আদায়ে হয়েছে ২,৪৬,০০০/- টাকা। ১৮৪ জন সদস্যের মধ্যে ৫৪,২৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ৪৯ জন সদস্য তাদের সদস্যপদ প্রত্যাহার করেছেন। প্রত্যাহারকৃত সদস্যদের ২,৯২,৮০০/- টাকা সঞ্চয় লাভসহ ফেরত দেওয়া হয়েছে। এছাড়া সদস্য অন্তর্ভুক্তি কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, ১২ জন স্টাফ নিয়ে ৩টি কক্ষে অফিসের কার্যক্রম পরিচালনা করা হয়। কিন্তু কক্ষগুলো অত্যন্ত পুরাতন এবং জরাজীর্ণ হওয়ার কারনে নানামুখী সমস্যা হচ্ছে এবং ঝুঁকিপূর্ণ পরিবেশে অফিসের কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | জরাজীর্ণ ভবন থেকে অন্যত্র অফিস স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |

| | | | |
|---|---|---|---|
| ২৩। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় অগ্রগতি পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় জানান, অক্টোবর,২০২৩ মাসের প্রতিবেদনে অত্র কাহারোল রেঞ্জের অধীন কাহারোল উপজেলা নার্সারী কেন্দ্রে চলতি সনে বিক্রয় ও বিতরণের জন্য উত্তোলিত ৩০,০০০ টি চারার মধ্যে ২২,০০০ টি চারা ইতোমধ্যে বিক্রয় হয়েছে। বাকী ৮,০০০ টি চারা মজুদ রয়েছে। বর্ষাকালীন সময়ে বিক্রয় অব্যাহত রয়েছে। ২০২২-২০২৩ আর্থিক সনে পরিচালন ব্যয় খাতে খননকৃত খালের উভয় পার্শ্বে এলাকার আগ্রহী উপকারভোগী দল গঠনপূর্বক ২০ কিলোমিটার সামাজিক বনায়ন বাগান সৃজন করা হয়েছে। বর্তমানে বাগানের অবস্থা ভাল।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোন সভায় জানান, বিভিন্ন সরকারি অফিসের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এছাড়াও বর্তমানে লাইনের ঝুঁকিপূর্ণ গাছপালা কর্তনের কাজ চলছে। পূঁজা মন্ডপগুলোতে বিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সকল অফিস কার্যক্রম শেষ করে তবে স্ট্যান্ডবাই জেনারেটর রাখার বিষয়ে সকল পূঁজা মন্ডপে চিঠি প্রদান করা হচ্ছে। | শারদীয় দুর্গোৎসবের পূঁজা মন্ডপগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সর্বসম্মত সিদ্ধান্ত হয়।<br>এছাড়া বিস্তারিত আলোচনায় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৭। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর। |
| ২৮। তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২৯। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |

| | | | |
|---|---|---|---|
| ৩০। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩১। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ-০১ | **<u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মাসিক ব্যয়ঃ</u>** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২১/০৯/২০২৩ হতে ১১/১০/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ২১/০৯/২০২৩ হতে ১১/১০/২০২৩ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট টাকা= ১,৯৪,৭৪৮/= (কথায়- এক লক্ষ চুরানব্বই হাজার সাতশত আটচল্লিশ) টাকা ব্যয় অনুমোদন করা হয়। | |

| ক্র: নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | ২৭-০৯-২০২৩ মেসার্স কাহারোল ফিলিং স্টেশন, রামচন্দ্রপুর, কাহারোল,দিনাজপুরকে আগস্ট,২০২৩ মাসের জ্বালানী বিল ব্যয় বাবদ প্রদান | ২৫,৪৪৮/- |
| ০২ | ২৭-০৯-২০২৩ জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদের সেপ্টেম্বর,২০২৩ ইন্টারনেট এর বিল বাবদ প্রদান | ২৩০০/- |
| ০৩ | ০১-১০-২০২৩ জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর, ২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৪০,০০০/- |
| ০৪ | ০১-১০-২০২৩ জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর, ২০২৩ মাসের বাড়ী ভাড়া প্রদান। | ৫,০০০/- |
| ০৫ | ০১-১০-২০২৩ জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর/ ২০২৩ সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ০৬ | ০১-১০-২০২৩ জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্ব,২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ০৭ | ০১-১০-২০২৩ জনাব মাহফুজ আহমেদ,পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর ২০২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৬৫০০/- |
| ০৮ | ০১-১০-২০২৩ জনাব রমিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর,২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৬৫০০/- |
| ০৯ | ০৩-১০-২০২৩ জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর,২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ৩০০০০/- |
| ১০ | ০৩-১০-২০২৩ জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর,২৩ মাসের মনোহারী ব্যয় বাবদ | ৫০০০/- |
| | মোট= | ১,৯৪,৭৪৮/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

# উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।
www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.০৬.০৩২.২৩-৯৬৯ | তারিখ: ০১ কার্তিক, ১৪৩০ / ১৭ অক্টোবর,২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
১১। উপজেলা ............................................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।
১২। চেয়ারম্যান, ............................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।
১৩। জনাব ............................................................................................................
১৪। অফিস কপি।

১৭/১০/২০২৩

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd